দৈনিক ইনকিলাব

তারিখ ... APR. 8 .. 1999 ... ..
পৃষ্ঠা ২০ কলাম ৬

৪৭

# মাদ্রাসা শিক্ষা বন্ধের সুদূরপ্রসারী চক্রান্তে সরকার কুরবানীর পশুর চামড়া ভারতে পাচারের ব্যবস্থা করেছে —এরশাদ

**স্টাফ রিপোর্টার ঃ** জাতীয় পার্টির চেয়ারম্যান জনাব হুসেইন মোহাম্মদ এরশাদ গতকাল ঐতিহাসিক পল্টন ময়দানে জাতীয় পার্টির এক সমাবেশে বলেছেন, মাদ্রাসাসমূহকে অর্থনৈতিকভাবে পঙ্গু করে দিয়ে মাদ্রাসা শিক্ষা বন্ধ করে দেয়ার সুদুরপ্রসারী চক্রান্তের অংশ হিসেবেই সরকার এবারের কুরবানীর পশুর চামড়া পানির দরে বিক্রির ব্যবস্থা করে তা ভারতে পাচারের পথ সুগম করে দিয়েছে।

জনাব এরশাদ বলেন, বাংলাদেশের অধিকাংশ মাদ্রাসাই চামড়ার আয় দিয়ে ব্যয় নির্বাহ করে। তিনি বলেন, চামড়ার মূল্য কম হওয়ার কারণে মাদ্রাসাসমূহ অর্থনৈতিক সংকটে নিপতিত হলে মাদরাসা শিক্ষা বন্ধের পরিবেশ সৃষ্টি হবে।

জনাব এরশাদ বলেন, বাংলাদেশের ৩টি চামড়ার বদলে ভারতের পক্ষ থেকে একটি গরু দেয়া হয়। ভারতীয়রা জানে, চামড়ার বিনিময়ে দেয়া পশুর চামড়াও পাচার হয়ে তাদের হাতেই পৌঁছবে। তিনি বলেন, সরকার চামড়া পাচার বন্ধে কোন ব্যবস্থা না নিয়ে মাদ্রাসা শিক্ষা বন্ধের ষড়যন্ত্রকেই সহায়তা দিচ্ছে।